মেহেরপুর কাথুলী সিমান্তে ভারতীয় মদ উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী সীমান্ত ফাঁড়ির বিজিবি সদস্যরা ভারতীয় মদ ও ফেনসিডিল উদ্ধার করেছে।

সোমবার ভোরের দিকে কাথুলী বিজিবির টহল টহল দল পরিত্যক্ত অবস্থায় ১০ বোতল মদ ও ৩ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

কাথুলী সীমান্ত ক্যাম্পের সুবেদার সুবোধ কুমার পালেরের নেতৃত্বে সীমান্ত ক্যাম্পের সদস্যরা টহল শেষে ফেরার পথে কাথুলী মাঠের মধ্যে থেকে পরিত্যাক্ত অবস্থায় মদ ও ফেন্সিডিল উদ্ধার করে।

গাংনীতে ভুয়া কবিরাজের ১ মাসের জেল ও জরিমানা

মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে সাজিদ রহমান নামের এক ভুয়া কবিরাজকে এক মাসের কারাদন্ড ও এক হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।

সোমবার দুপুরে গাংনী উপজেলা সহকারি কমিশনার (ভুমি) অভিযান পরিচালনা করেন।

দন্ডিত ভুয়া কবিরাজ সাজিদ রহমান (২৪) নাটোর জেলার,লালপুর থানার ইসলামপুর গ্রামের মাজদার রহমানের ছেলে।

জানাগেছে, গাংনী উপজেলার তেরাইল গ্রামের শশুর বকুলের বাড়িতে থেকে দীর্ঘদিন ধরে কবিরাজি ব্যাবসা চালিয়ে আসছেন সাজিদ রহমান। বিভিন্ন এলাকায় নিযুক্ত দালাল চক্রের মাধ্যমে রোগী সংগ্রহ করে বিভিন্ন রোগের চিকিৎসা দিতেন তিনি।

স্থানীয়দের অভিযোগের ভিত্তিতে সোমবার দুপুরে ভ্রাম্যমাণ

আদালতের অভিযানে কবিরাজ সাজিদ রহমানের কাছে চিকিৎসা সম্পর্কিত কাগজপত্র না থাকায় বাংলাদেশ আয়ুর্বেদিক ও ইউনানী আইন লঙ্ঘন অপরাধে এক মাসের কারাদন্ড এবং ১ হাজার টাকা জরিমানা করে জেল হাজতে প্রেরণ করেছেন।

গাংনীতে তুচ্ছ ঘটনাকে পাল্টাপাল্টি হামলায় আহত -২

গাংনী বাজারের আমিন মিষ্টান্ন ভাণ্ডারের কর্মচারী রাকিবুল ইসলাম
(২৬) ও গাংনী পৌর ৭ নম্বর ওয়ার্ডের তারিক (১৬) এর ওপর পাল্টাপাল্টি হামলার ঘটনা ঘটেছে।
এ ঘটনায় হামলাকারী তারেক এবং হোটেল কর্মচারী রাকিবুল দুজনেই রক্তাক্ত জখম হয়েছেন।

রাকিবুল ইসলাম উপজেলার ভরাট গ্রামের মনিরুল ইসলামের ছেলে ও তারিক গাংনী পৌরসভার ৭ নম্বর ওয়ার্ডের হারেজ কসাইয়ের ছেলে। শনিবার বিকাল সাড়ে ৪টার দিকে আমিন মিষ্টান্ন ভাণ্ডারের কারখানায় এ হামলার ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী মিষ্টান্ন ভাণ্ডারের কর্মচারী জাহিদ (২০) ও শান্ত
(২১) জানায়, ঘটনার সময় তন্ময় (২২) নামের এজজন কারখানার মধ্যে ঢুকে জাহিদ কোথায় জিজ্ঞাসা করে। রাকিবুল ইসলাম, জাহিদ কারখানায় নেই বলে জানালে তন্ময় ও তারিক তার উপরে চড়াও হয়। এক পর্যায়ে তারিক রাকিবুলকে মাথায় রড দিয়ে বেশ কয়েকটি আঘাত করে রক্তাক্ত জখম করে।

পরে রাহিমুল ইসলামও কারখানায় থাকা দেশীয় অস্ত্র বটি দিয়ে তারিককে আঘাত করে রক্তাক্ত জখম করে। স্থানীয়রা আহত দু’জনকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। কর্তব্যরত চিকিৎসক তাদেরকে প্রাথমিক চিকিৎসা দিয়ে রাহিবুলকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। তারিকের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আমিন মিষ্টান্ন ভাণ্ডারের মালিক রাশিদুল আমিন জানান, কর্মরত অবস্থায় আমার ব্যবসা প্রতিষ্ঠানে প্রবেশ করে আমার কর্মচারীকে মারধর করেছে। রাহিবুল আত্মরক্ষার্থে তারেকের উপরে হামলা করেছে। তাছাড়া আমার কর্মচারীর যদি কোন অপরাধ করে থাকে সে বিষয়টি আমাকে না জানিয়ে ব্যবসাপ্রতিষ্ঠানে অনধিকার প্রবেশ ও কর্মচারীকে মারধর এটি অত্যন্ত দুঃখজনক।

গাংনী থানা অফিসার ইনচার্জ ওবাইদুর রহমান জানান, হামলার ঘটনার সংবাদ পেয়েছি ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

গাংনী প্রেসক্লাবে সাধারণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী প্রেসক্লাবে সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে ।

শনিবার বিকালে গাংনী প্রেসক্লাব ভবনে সাধারণ সভা অনুষ্ঠিত হয়। গাংনী প্রেসক্লাবের সভাপতি প্রভাষক রমজান আলীর সভাপতিত্বে আরটিভি প্রতিনিধি সাবেক সম্পাদক মাজেদুল হক মানিকের সঞ্চালনায় সাধারণ সভায় উপস্থিত ছিলেন গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও মাই টিভির জেলা প্রতিনিধি মাহাবুব আলম, সিনিয়র সদস্য ও জিটিভি ও ডেইলি অবজারভার এর মেহেরপুর জেলা প্রতিনিধি রফিকুল আলম,

সিনিয়র সাংবাদিক নুরুল ইসলাম নুহু বাঙ্গালী, সাবেক সম্পাদক ও বিজয় টিভি, সময়ের আলো জেলা প্রতিনিধি তৌহিদউদ্দোলা রেজা, ৭১ টিভি ও যায়যায়দিন এর গাংনী প্রতিনিধি মজনুর রহমান আকাশ, দৈনিক মানবজমিন, বাংলা টিভির জেলা প্রতিনিধি আকতারুজ্জামান, দৈনিক লাখকন্ঠ, সারাবাংলা ও শিক্ষাবার্তার জেলা প্রতিনিধি এস এম রফিকুল আলম বকুল, মেহেরপুর নিউজের তোফায়েল হোসেন, মেহেরপুরের চোখ এর সোহেল রানা বাবুসহ গাংনী প্রেসক্লাবের সকল সদস্য উপস্থিত ছিলেন ।

সভায় সাংবাদিকদের বিভিন্ন সমস্যা ও করোনা পরিস্থিতিতে সংবাদ

সংগ্রহের সময় বিভিন্ন প্রতিবন্ধকতা এবং প্রেসক্লাবের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয় । প্রেসক্লাব ভালভাবে ও দক্ষতার সাথে পরিচালনার জন্য সাধারণ সভায় বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয় ।

গাংনীতে প্রতিবন্ধীর ভাতায় ভাগ নিলেন উজ্জ্বল!

গাংনীর তেতুলবাড়িয়া ইউনিয়নের করমদি গ্রামের স্থানীয় মাস্তান উজ্জল হোসেন নামক এক যুবকের বিরুদ্ধে প্রতিবন্ধীর ভাতার টাকায় ভাগ নেয়ার অভিযোগ উঠেছে।

কথিত মাস্তান উজ্জ্বল উপজেলার তেঁতুলবাড়িয়া পশ্চিমপাড়া গ্রামের ইদু সেখের ছেলে । উজ্জল হোসেন নিজেকে একজন রাজনৈতিক নেতা পরিচয় দিয়ে গ্রামের অসহায় দুস্থ বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী পরিবারের সদস্যদের সাথে প্রভাব বিস্তার করে কার্ডপ্রতি ৩ থেকে ৫ হাজার টাকা হাতিয়ে নিয়েছে বলে ভুক্তভোগী পরিবার জানিয়েছে।

অভিযোগ সূত্রে জানা গেছে, গ্রামের মেম্বর না হয়েও নিজেকে বড় মাপের নেতা পরিচয় দিয়ে উজ্জল হোসেন করমদি পশ্চিমপাড়া গ্রামের অসহায় প্রতিবন্ধী রফাত আলীর মেয়ে বাক প্রতিবন্ধী মিম্মা খাতুন, আশরাফুলের ছেলে ইউসুফ পাগলা এনামুলের ছেলে প্রতিবন্ধী হাবু’ র প্রতিবন্ধী কার্ড করে দেবার নামে বিভিন্ন সময় তাদের চাপ দিয়ে জনপ্রতি ৫ হাজার টাকা করে চাঁদা আদায় করেছে।

সম্প্রতি (গত ২৬ আগষ্ট,২০২০) তারিখে জনতা ব্যাংক বামন্দী শাখা থেকে বকেয়া জনপ্রতি ৯ হাজার টাকা প্রতিবন্ধী ভাতা উত্তোলন করে। ব্যাংক থেকে টাকা নিয়ে রাস্তায় নেমে আসলেই সুযোগ সন্ধানী উজ্জল হোসেন তাদের নিকট থেকে টাকা গুনে দেয়ার নাম করে কেড়ে নিয়ে ২ থেকে ৩ হাজার টাকা পকেটস্থ করে।

এসময় প্রতিবন্ধীরা প্রতিবাদ করলে তাদেরকে উজ্জল ভয়ভীতি দেখিয়ে বলেন টাকা না দিলে কার্ড বাতিল করে দেয়া হবে। কার্ড বাতিলের ভয়ে

অনেকেই সাংবাদিকদের সামনে অভিযোগ করতে সাহস পাইনি। তবে গোপন সূত্রে জানা গেছে, এই চাঁদাবাজ উজ্জল হোসেন তার এলাকার সকল ভাতা ভোগীদের নিকট থেকে টাকা হাতিয়ে নিয়েছে।

এসব বিষয়ের সত্যতা জানতে সরেজমিনে গেলে প্রতিবন্ধী মিম্মা খাতুনের মা রেহেনা খাতুন ও বাবা প্রতিবন্ধী রফাত সেখ জানান, গত বুধবার ব্যাংক থেকে টাকা নিয়ে বাড়ি আসার সময় উজ্জল আমার মেয়ের হাত থেকে টাকা কেড়ে নিয়ে ৩ হাজার টাকা নিয়ে নেয়। এমনিভাবে অনেকের নিকট থেকে টাকা হাতিয়ে নিয়েছে। একই কথা জানালেন প্রতিবন্ধী ইউসুফের মা সালেহা খাতুন।

এবিযয়ে অভিযুক্ত উজ্জল হোসেনের সাথে কথা বলা হলে প্রথমত তিনি টাকা নেওয়ার বিষয়টি অস্বীকার করে। পরে তিনি বরেণ, আমি কি মেম্বর না চেয়ারম্যান যে, প্রতিবন্ধী কার্ড করে দিয়েছি।

আমি ওদের কাউকে চিনিনা ও জানিনা, পরে বিষয়টি নিয়ে সাংবাদিকরা পত্রিকায় লেখালেখি করবে এমন কথায় উজ্জল হোসেন নিজেকে নিদোর্ষ প্রমান করতে প্রতিবন্ধী মিম্মার মায়ের হাতে গোপনে ৮ হাজার টাকা ফেরত দেয়।

তবে এলাকাবাসীর দাবি , শুধু একজনের টাকা ফেরত দিলে হবে না। সকলের টাকা ফেরত দিতে হবে। নইলে পুলিশ প্রশাসনের কাছে তাদের আবেদন, এই ধান্দাবাজ উজ্জলকে অবিলম্বে প্রশাসনের ব্যবস্থা নেওয়া উচিত বলে মন্তব্য স্থানীয়দের।

এব্যাপারে সংশ্লিষ্ট ইউপি চেয়াম্যান জাহাঙ্গীর হোসেনের সাথে মোবাইল ফোনে আলাপ কালে তিনি জানান, আমি বিষয়টি শুনেছি।গতকাল উজ্জল হোসেন, তার বাবা ও মা আমার কাছে এসে ক্ষমা প্রাথনা করেছেন। আজ বৃহস্পতিবার সন্ধ্যায় সে সমুদয় টাকা ফেরত ও দেবে।

নইলে তার বিরুদ্ধে আইনগত ব্যব্স্থা নিতে উপজেলা নিবার্হী অফিসারকে অবহিত করবো।

এ ব্যাপারে উপজেলা নিবার্হীঅফিসার আর এম সেলিম শাহনেওয়াজ বলেন, যারা এই সব ব্যাপারে অভিযুক্ত। তাদের নাম সনাক্ত করে সংবাদ প্রকাশিত হলে আমি তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা দেয়া হবে।

গাংনীতে ব্র্যাক পল্লী সমাজের উদ্যোগে সামাজিক সম্প্রীতি অনুষ্ঠান

মেহেরপুরের গাংনীতে ব্র্যাক পল্লী সমাজের উদ্যোগে সামাজিক সম্প্রীতি মূলক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১০টার সময় সাহারবাটি কলোনি পাড়ায় ৩০ নম্বর পল্লী সমাজের শিক্ষার্থীদের মাঝে খেলাধুলা ও পুরস্কার বিতরণ করা হয়। ব্র্যাক সামাজিক ক্ষমতায়ন কর্মসূচির আওতায় শিক্ষার্থীদের মনোবল বৃদ্ধিতে এ খেলাধুলা অনুষ্ঠিত হয়।

সভাপ্রধান মাকসুদা খাতুনের সভাপতিত্বে ব্র্যাক প্রতিনিধি এফও (সিইপি) বাবলু কুমার শীল উপস্থিত থেকে অনুষ্ঠানের সার্বিক সহযোগিতা করেন। এ সময় শিক্ষিকা কনিকা খাতুনসহ শিক্ষার্থীরা ও স্থানীয় অভিভাবক বৃন্দর উপস্থিত ছিলেন।

গাংনী রংমহল সীমান্তে গাঁজাসহ মাদক পাচারকারী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার রংমহল সীমান্তে ১৬ কেজি গাঁজাসহ নজরুল শেখ নামের এক মাদক পাচারকারীকে আটক করেছে বিজিবি।

শনিবার ভোররাতে সীমান্তবর্তী খাস মহলের মাঠ থেকে তাকে আটক করা হয়। আটককৃত নজরুল শেখ খাস মহল গ্রামের মৃত হুজুর শেখের ছেলে। এসময় গাজা মালিক আশরাফুল ও মিশকাত পালিয়ে যায়।

৪৭ বিজিবি ক্যাম্প কমান্ডার, সেলিম ভূঁইয়া জানান,শনিবার ভোররাতে

ভারতীয় সীমান্ত রংমহল খাস মহল মাঠ দিয়ে কয়েকজন মাদক পাচারকারী মাদক নিয়ে আসছে।

এমন গোপন সংবাদের ভিত্তিতে ক্যাম্প কমান্ডার সঙ্গীয় সদস্য নিয়ে অভিযান চালালে খাসমহল গ্রামের সাকিমুদ্দিন এর ছেলে মিশকাত ও কালামের ছেলে আশরাফুল গাঁজা ফেলে পালিয়ে যায়। এসময় ভ্যানচালক নজরুল শেখকে আটক করতে সক্ষম হয় বিজিবি সদস্যরা।

নজরুলের ভ্যান থেকে বস্তাভর্তি ১৬ কেজি গাঁজা উদ্ধার করা হয়।

শনিবার বেলা দশটার দিকে গাজা বহনকারী নজরুল শেখ কে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।

গাংনী থানার ডিউটি অফিসার এসআই জহির উদ্দিন জানান, গাঁজাসহ আটককৃত নজরুল শেখ কে মামলার আলামত সহ আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনীর বি এন কলেজের সাবেক অধ্যক্ষ’র বিরুদ্ধে উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার বিএন কলেজের সাবেক অধ্যক্ষ আ.ফ.ম আলিমুজ্জামানের বিরুদ্ধে ২০১৮-১৯ এবং ২০১৭-২৮ শিক্ষাবর্ষের একাদশ শেণীর ১৮ জন শিক্ষার্থীর উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে।

দুই দফায় দুই হাজার একশত টাকা করে ৩৭ হাজার আট’শ টাকা আত্মসাৎ করেছেন বলে অভিযোগ তোলা হয়েছে। শিক্ষাথীদের টাকা উঠানোর ক্ষেত্রে শ্বশুর, স্ত্রী ও ভাইসহ নিকট আত্মিয়ের রকেট নাম্বার ব্যবহার করেছেন বলে অনুসন্ধানে জানা গেছে।

তবে অভিযুক্ত সাবেক অধ্যক্ষ জানান, শিক্ষার্থী ড্রপ হয়ে যাওয়ায় তাদের সন্ধান পাওয়া যায়নি। তাদের টাকা সংরক্ষিত রয়েছে।

অভিযোগ পত্রে জানা গেছে, ২০১৮-১৯ শিক্ষা বর্ষে ১৫ জন শিক্ষার্থী উপবৃত্তি প্রাপ্ত হয়। এর মধ্যে ৬ জন টাকা উত্তোলন করতে পেরেছেন। বাকি ৯ জন পারেননি। এই নয় জনের মধ্যে শারমিনা আক্তার, রাবিয়া খাতুন, শ্যামলী খাতুন টাকা পায়নি জানিয়ে কলেজে লিখিত অভিযোগ করলে কলেজ কর্তৃপক্ষের নজরে আসে। পরে বিষয়টি নিয়ে গত ২১ জুলাই বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সভাপতি স্বাক্ষরিত একটি অভিযোগপত্র জেলা প্রশাসকের কাছে দেওয়া হয়। তার প্রেক্ষিত গত ২৬ আগস্ট বুধবার জেলা শিক্ষা অফিসারের নেতৃত্বে একটি তদন্ত কমিটি প্রাথমিক তদন্ত করেন।

খোঁজ নিয়ে আরো জানা যায়, ২০১৭-১৮ অর্থবছরেও ১৫ জনের মধ্যে নয় জনই টাকা উত্তোলন করতে পারেননি। ওই শিক্ষাবর্ষে যারা উপবৃত্তির টাকা থেকে বঞ্চিত হয়েছেন তারা হলেন- মোছাঃ আছমা খাতুন, মোছাঃ আফরোজা খাতুন, মোছাঃ নাজমিন খাতুন, মনোয়ারা খাতুন, মোছাঃ খুশি খাতুন, মোছাঃ মিম খাতুন, উম্মে সালমা, মোছাঃ লিমোনা খাতুন, মোছাঃ রেজবিনা খাতুন।

এ ব্যাপােও অভিযুক্ত সাবেক অধ্যক্ষ আ ফ ম আলিমুজ্জামান মেহেরপুর প্রতিদিনকে জানান, কলেজে অনেক সময় ড্রম শিক্ষার্থীদের ভর্তি করাই। যে কারণে ওই শিক্ষার্থীদের সন্ধান না পাওয়ায় টাকাটা আমার কাছে সংরক্ষিত রয়েছে। আমি ওটা জেলা শিক্ষা অফিসারকেও জানিয়েছি। পদ্ধতিগতভাবে আমি ওই টাকা দিয়ে দেব।

সাহারবাটিতে বাড়ির আঙ্গিনায় সবজি চাষ প্রশিক্ষণ অনুষ্ঠিত

‘বাড়ির আঙ্গিনায় করলে চাষ, মিলবে টাটকা সবজি বারো মাস’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরের গাংনী উপজেলার সবজি ভান্ডার নামে খ্যাত সাহারবাটিতে বাড়ির আঙ্গিনায় সবজি চাষ প্রশিক্ষণ ‘ অনুষ্ঠিত হয়েছে।
বৃহস্পতিবার সাহারবাটির চারচারা ফিল্ড পাড়ায় ‘গ্রাম উন্নয়ন দলের’ আয়োজনে ও দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের সহযোগিতায় এ

প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।
প্রশিক্ষণে ১৫ টি দরিদ্র পরিবারের ১৫ জন নারীকে বাড়ির আঙ্গিনায় কিভাবে বৈজ্ঞানিক উপায়ে, সহজভাবে, কীটনাশক মুক্ত, রোগমুক্ত, বিভিন্নরকম রোগ প্রতিরোধে করনীয়, পুষ্টিগুন সম্পন্ন সবজী উৎপাদন ও কম জায়গায় সল্প পরিসরে সবজি উৎপাদন এবং পরবর্তীতে বীজ সংরক্ষণ করা যায় সে ব্যাপারে পরামর্শ দেওয়া হয়।
হাঙ্গার প্রজেক্টের সহসভাপতি ও ভিডিটি নারী নেত্রী স্বপ্না খাতুনের সভাপতিত্বে প্রশিক্ষণ পরিচালনা করেন উপ-সহকারি কৃষি কর্মকর্তা মো: শাহীন রেজা জুয়েল।
প্রশিক্ষণ শেষে অংশগ্রহনকারীদের মাঝে সবজী প্লান্ট তৈরির লক্ষ্যে বীজ (মিষ্টি কুমড়া,লাল শাক,কলমি শাক,ঢেড়স,ঝিংগা ও বরবটি) বিতরণ করা হয়।

গাংনীতে প্রবাসির স্ত্রীকে ধর্ষন, গ্রেপ্তার-৩

মেহেরপুরের গাংনী উপজেলার জালশুকা গ্রামে এক প্রবাসির স্ত্রীকে ধর্ষনের অভিযোগে ৩ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

বৃহষ্পতিবার সকালে তাদেরকে গ্রেপ্তার করা হয়। এরা হচ্ছে-চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার নান্দবার গ্রামের কাবের আলীর ছেলে আফাঙ্গির আলম (২৮), জহুরুল ইসলামের ছেলে আকরামুল(১৮) ও মিজানুর রহমানের ছেলে জামাল(২০)।

ধর্ষিতা গৃহবধুকে ডাক্তারী পরীক্ষার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতাল ও গ্রেপ্তারকৃতদেরকে আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানার ইন্সপেক্টর (তদন্ত) সাজেদুল ইসলাম জানান, আফাঙ্গির আলম মোবাইল ফোনে ওই গৃহবধুর সাথে সম্পর্ক গড়ে তোলে।

বুধবার রাতে সে তার দুই সহযোগি আকরামুল ও জামালকে সাথে নিয়ে গৃহবধুর বাড়িতে এসে তাকে ধর্ষণ করে ভ্যানযোগে পালানোর চেষ্টা করে। এসময় স্থানীয় লোকজন তাদেরকে আটক করে পুলিশে খবর দেয়।

পুলিশের একটি টিম ঘটনাস্থলে গিয়ে ওই গৃহবধুসহ চারজনকে থানায় নিয়ে জিজ্ঞাসাবাদ করে। আফাঙ্গির ধর্ষনের কথা স্বীকার করে ও তাকে সহযোগিতা করেছে দুই বন্ধু আকরামুল ও জামাল।

পুলিশ আফাঙ্গির আলমের নামে ধর্ষন ও আকরামুল ও জামালকে ধর্ষনের সহযোগি হিসেবে মামলা দিয়ে মেহেরপুর আদালতে প্রেরণ করে।